



জাতীয় বার্ন ইউনিটে ১৫ জন অনেকটাই সুস্থ তবে ৬ জনের অবস্থা এখনও সংকটাপন্ন



সংগৃহীত ছবি

যুদ্ধবিমান দুর্ঘটনায় দক্ষ হয়ে জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটে ভর্তি হওয়া রোগীদের মধ্যে ছয়জনের অবস্থা এখনও গুরুতর বলে জানিয়েছেন স্বাস্থ্য অধিদফতরের মহাপরিচালক ডা. মো. আবু জাফর।

গুৱেবার (২৫ জুলাই) দুপুরে ইনস্টিটিউটে আয়োজিত নিয়মিত ব্রিফিংয়ে এ তথ্য জানান তিনি।

হাসপাতালটির ভারপ্রাপ্ত পরিচালক ডা. মোহাম্মদ নাসির বলেন, বর্তমানে চিকিৎসাধীন ১৫ জনের শারীরিক অবস্থার উন্নতি হয়েছে। এদের মধ্যে অনেকে এতটাই সুস্থ যে, ধীরে ধীরে তাদের হাসপাতাল থেকে ছাড়পত্র দেয়া হবে।

তিনি আরও বলেন, “সাধারণত অগ্নিদগ্ন রোগীদের ক্ষেত্রে চার থেকে পাঁচ দিনের মধ্যে জটিলতা বাড়ে। তাই আমরা নিয়মিত পর্যবেক্ষণে আছি। বিদেশি চিকিৎসক দল আমাদের চিকিৎসা পদ্ধতির সঙ্গে একমত হয়েছেন। রোগীদের অবস্থা আরও স্থিতিশীল হলে বিদেশে চিকিৎসার বিষয়টি বিবেচনায় আসবে। তবে এখনই তাদের দেশের বাইরে পাঠানো যাবে না বলে মত দিয়েছেন বিদেশি বিশেষজ্ঞরা।